

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৯৯

পর্ব-৬: যাকাত (১৯১১)।

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

بَابُ فَضلْ الصَّدَقَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نِعْمَ الصَّدَقَةُ اللِّقْحَةُ الصَّفِيُّ مِنْحَةً وَالشَّاةُ الصَّفِيُّ مِنْحَةً تَغْدُو بِإِنَاءٍ وَتَرُوحُ بِآخَرَ»

বাংলা

১৮৯৯-[১২] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রচুর দুধ দানকারী উট, প্রচুর দুধ দানকারী বকরী কাউকে দুধ পান করার জন্য ধার দেয়াও উত্তম সদাকাহ্ (সাদাকা)। যা সকাল এবং বিকালে পাত্র ভরে দুধ দেয়। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৬০৮, মুসলিম ১০১৯, শারহুস্ সুন্নাহ্ ১৬৬২, সহীহ আল জামি' আস্ সগীর ৬৭৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نِعْمَ الصَّدَقَةُ) কোন বর্ণনাতে نِعْمَ الصَّدَقَةُ এর পরিবর্তে نعم المنيحة উল্লেখ আছে। আবূ 'উবায়দাহ্ (রহঃ) বলেন, منيحة শব্দটি 'আরবদের নিকটে দু' অর্থে ব্যবহৃত হয়।

১। কোন ব্যক্তি তার সাথীকে যে কোন ধরনের দান করলো। ফলে দানকৃত বিষয়টি সাথীর জন্য হয়ে গেল।

২। সরাসরি বস্তুটি তাকে দিল না তবে বস্তুর মাধ্যমে সাময়িকের জন্য উপকার অর্জন করে নিতে দিল।

যেমনঃ কোন ব্যক্তি তার সাথীকে একটি উট অথবা একটি ছাগল দিল দুধ খাওয়ার জন্য নির্দিষ্ট একটি সময় বেধে দিয়ে। সময় ফুরিয়ে গেলে আবার ফিরিয়ে নিয়ে নিল। অতএব হাদীসে منیحة দ্বারা উদ্দেশ্য, দুধালো কোন পশুকে কারো উপকার হাসিলের জন্য দিয়ে দেয়া পরবর্তীতে আবার ফেরত নেয়া।



আল্লামা ইবনুত্ ত্বীন বলেন, যেসব রাবী বর্ণনাতে عيدقة শব্দ উল্লেখ করেছেন তারা শাব্দিক নয় বরং অর্থগতভাবে রিওয়ায়াত করেছেন। কেননা, منیحة যেমন দান عددقة ও এক প্রকার দান।

হাফিয ইবনু হাজার আসকালানী (রহঃ) বলেন, منیحة এবং صدقة শব্দ দু'টির একটি দিয়ে আরেকটি বুঝা যায় না। কারণ, প্রত্যেক সদাকাহ্ (সাদাকা) দান কিন্তু প্রত্যেক দান সদাকাহ্ (সাদাকা) নয়। আর সদাকাকে মানীহার জন্য ব্যবহার করা রূপক। যদি منیحة সদাকাহ্ (সাদাকা) হয়ে থাকে তাহলে সদাকাহ্ (সাদাকা) তো নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য হালাল ছিল না। বরং সেটা ছিল হিবা ও হাদিয়্যার মতো কিছু।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন